বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।
ফোন : ০২- ৯৫৬৩১৬৫
E-mail: dgmrecovery@krishibank.org.bd

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০১/২০২০ তারিখঃ ১৬-০৩-২০২০ ইং

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বিআরপিডি সার্কুলার নং-০৫ মোতাবেক ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ে নিষ্পত্তি/অনুমোদন ক্ষমতা বর্ধিত করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ১২/২০১৯ তারিখ ১৯/০৫/২০১৯ এবং বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ মে ১৬, ২০১৯ , বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩, তারিখঃ অক্টোবর ২৩, ২০১৯, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪, তারিখঃ নভেম্বর ১৭, ২০১৯ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৮/২০১৯ , তারিখঃ নভেম্বর ১৮, ২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৫ মোতাবেক ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ে নিষ্পত্তি/অনুমোদন ক্ষমতা বর্ধিত করণের প্রস্তাবনা বিগত ১১-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৬২তম সভায় উপস্থাপন করা হলে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয় ঃ

সিদ্ধান্তঃ

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৬ মে, ২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫ এর আলোকে ও পরবর্তীতে বাস্তবতার নিরীখে এবং ঋণ আদায় বিভাগ ও ব্যংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে উক্ত নীতিমালা অনুযায়ী সুদ মওকুফ ও ঋণ পুনঃতফসিলের প্রস্তাবসমূহ দ্রুত ও নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির স্বার্থে জারীকৃত "ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা" অনুযায়ী সুদ মওকুফ ও ঋণ পুনঃ তফসিল সংক্রান্ত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে মাঠ পর্যায়ে সুদ মওকুফ ও ঋণ পুনঃ তফসিল অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটিকে নিম্নবর্ণিত সুদ মওকুফ ও ঋণ পুনঃ তফসিলের অনুমোদনের ক্ষমতা প্রদান করা হলো। শুধুমাত্র বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখ ১৬-০৫-২০১৯ এর আওতায় আবেদনকৃত সুদ মওকুফ ও পুনঃতফসিলের প্রস্তাব নিষ্পত্তির ক্ষেত্রে আলোচ্য ক্ষমতা প্রয়োগযোগ্য হবে।

| সুদ মওকুফ/পুনঃতফসিল অনুমোদনকারী কর্তৃপক্ষ/কমিটি | প্রস্তাবিত সুদ মওকুফ/পুনঃতফসিল অনুমোদনের ক্ষমতা |
|---|---|
| বিভাগীয় সুদ মওকুফ কমিটিঃ<br>(১) বিভাগীয় মহাব্যবস্থাপক ঃ সভাপতি<br>(২) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ঃ সদস্য<br>(৩) মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, হেড কোয়ার্টারঃ সদস্য<br>(৪) উপ-মহাব্যবস্থাপক(পরিচালন/পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা),বিভাগীয় কার্যালয় ঃ সদস্য<br>(৫) সহকারী মহাব্যবস্থাপক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় কার্যালয় ঃ সদস্য সচিব | (ক) ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত বিতরণকৃত মূল ঋণ সম্বলিত ৩১/১২/২০১৮ তারিখে মন্দ/ক্ষতি(বিএল) হিসেবে শ্রেণীকৃত ঋণের বিদ্যমান নীতিমালার আলোকে আয় খাত ডেবিট না করে সর্বোচ্চ ১০০% অনারোপিত সুদ ও অনাদায়ী ৫২-স্থগিত সুদ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মওকুফ ও ঋণ পুনঃ তফসিলযোগ্য। তবে, ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত নীতিমালার আওতায় যেকোন অংকের আরোপিত সুদ (ইন্টারেষ্ট সাসপেন্স হিসাবে রক্ষিত) ও অনারোপিত সুদ মওকুফের ক্ষমতা প্রয়োগ করা যাবে।<br>[মন্তব্যঃ এক্ষেত্রে ঋণাংকের পরিমাণ আসল অনুর্ধ ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ হিসাব সমূহের প্রস্তাব বিবেচনাকালে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ তারিখ ১৬/০৫/২০১৯ অনুযায়ী Exit সুবিধার আওতায় বিবেচনা করার প্রচেষ্টা নিতে হবে।] |

চলমান পাতা-০২

**সুদ মওকুফ ও সুদ মওকুফসহ পুনঃতফসিল সুবিধা প্রদানের ক্ষেত্রে অনুসরণীয়ঃ**

(ক) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৬ মে, ২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে "ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা" ও পরবর্তীতে এতদ্‌সংক্রান্ত সার্কুলার লেটার এ বিবৃত বিধি বিধান অনুসরণ করতে হবে; উক্ত নীতিমালার আওতায় এককালীন Exit / পুনঃতফসিল প্রদানের ক্ষেত্রে ঋণটি নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে;

(খ) ৩১/১২/২০১৮ তারিখে ঋণ হিসাবটি বিএল মানে শ্রেণীকৃত থাকতে হবে;

(গ) ঋণ পুনঃতফসিল ও এককালীন Exit সংক্রান্ত বিশেষ নীতিমালার আওতায় প্রস্তাব নিস্পত্তিকরণের নিমিত্ত নূন্যতম ২% হারে ডাউন পেমেন্ট নগদে জমা গ্রহণ ব্যতীত কোন আবেদন গ্রহণ করা যাবে না;

(ঘ) প্রতিটি ঋণ হিসাবের বিশেষ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(ঙ) বিশেষ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার ৪৫ দিনের মধ্যে ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সুবিধা সংক্রান্ত সিদ্ধান্ত প্রদান করতে হবে;

(চ) সুদ মওকুফসহ পুনঃতফসিল সুবিধা
প্রদান করতে হলে ঋণ গ্রহিতার ক্যাশ ফ্লো এর সাথে সামঞ্জস্য রেখে যৌক্তিকভাবে সময়সীমা নির্ধারণ করতে হবে।

(ছ) ১০.০০ (দশ) লক্ষ টাকার তদূর্ধ বিতরণকৃত মূল ঋণ সম্বলিত ঋণ এর সুদ মওকুফ প্রস্তাব বিধি মোতাবেক নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যাদিসহ মাঠ কার্যালয় হতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে;

(জ) ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত নীতিমালার আওতায় ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত বিতরণকৃত মূল ঋণ সম্বলিত ঋণের যেকোন অংকের আরোপিত সুদ (ইন্টারেষ্ট সাসপেন্স হিসাবে রক্ষিত) ও অনারোপিত সুদ মওকুফের ক্ষমতা প্রয়োগ করা যাবে।

(ঝ) মামলা সংক্রান্ত শর্তাদি অর্থাৎ বিচারাধীন ঋণ আদায়ের মামলা সোলে নিস্পত্তি এবং রীট মামলা থাকলে তা প্রত্যাহার/না থাকার বিষয়ে ঋণ গ্রহিতাদের অঙ্গীকারনামা নিতে হবে। ইহা ব্যতিত ফৌজদারী মামলাসহ অন্যান্য মামলা বিচারাধীন থাকলে তা যথারীতি অব্যাহত থাকবে;

(ঞ) বিআরপিডি সার্কুলার নং- ৫ তারিখ ১৬/০৫/২০১৯ এর সকল শর্তাদি যথাযথ পরিপালন করতে হবে; এবং

(ট) মাঠ পর্যায়ে গঠিত সুদ মওকুফ অনুমোদনকারী কমিটি কর্তৃক মওকুফকৃত সুদের ত্রৈমাসিক অবস্থার প্রতিবেদন পর্ষদ সভায় সদয় অবগতির জন্য উপস্থাপন করতে হবে। এ ক্ষেত্রে ঋণ আদায় মহাবিভাগের ০৬/০৮/২০১৮ তারিখের জারীকৃত পরিপত্র নং-০২/২০১৮ এর ৮.২ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, পর্ষদে গৃহীত উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল। সুদ মওকুফ ও সুদ মওকুফসহ ঋণ পুনঃতফসিলের অনুমোদিত প্রস্তাবসমূহের তথ্যাদি পাক্ষিক ভিত্তিতে ঋণ আদায় বিভাগে প্রেরণ করতে হবে।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত
১৮/০৩/2020
(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্বে)
ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা আদায়-৯(১০৯)/ পুনঃতফসিল ও এক্সিট মনিটরিং/২০১৯-২০২০/২১৯১(১২৫০) তারিখঃ ১৬-০৩-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৭/০৩/২০২০
(মোঃ রাজ্জাকুল হায়দার চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক